**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারত মিশনে আমাদের দেশ শিক্ষা ক্ষেত্রে প্রধান শক্তি হয়ে উঠবে ।**

**(২) আসন্ন শারদ উৎসব উপলক্ষ্যে রাজ্য সরকার সরকারী কর্মচারীদের জন্য উৎসব অনুদান ঘোষণা করেছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মধ্যরাতে উইলমিংটন, ডেলাওয়্যারে ষষ্ঠ বার্ষিক কোয়াড লিডারস সামিটে যোগ দেবেন ।**

**(৪) কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু দেশের একীকরণের জন্য উত্তরপূর্বাঞ্চলের নাগরিকদের উন্নতির ওপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(৫) চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় প্রথম দল হিসেবে এগিয়ে চলো সংঘ সুপার ফোরে উঠেছে ।**

**********************************************

**ICFAI University Convocation :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারত মিশনে আমাদের দেশ শিক্ষা ক্ষেত্রে প্রধান শক্তি হয়ে উঠবে। আজ ইকফাই বিশ্ববিদ্যালয়ে ১৯তম সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল

বলেন, ছাত্রছাত্রীদের জীবন গড়ে তোলার জন্য শিক্ষাই হল সবচেয়ে শক্তিশালী মাধ্যম। জ্ঞান ও উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে ছাত্রছাত্রীদের শুধু তাদের জীবন গড়ে তুললেই হবে না, দেশের অগ্রগতি ও কল্যাণেও ছাত্রছাত্রীদের ভূমিকা গ্রহণ করতে হবে। উচ্চ শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকার জন্য তিনি ইকফাই বিশ্ববিদ্যালয়ের ভূয়সী প্রশংসা করেন। তিনি ডিগ্রি অর্জনকারী ছাত্রছাত্রীদের দেশ ও জাতির কল্যানে ব্রতী হওয়ার আহ্বান জানান। রাজ্যপাল বলেন,

##########Byte###########

সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যদের বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের আচার্য্য প্রফেসর ডঃ তিরুপতি রাও, ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক ড: বিপ্লব হালদার, অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশনের চেয়ারম্যান প্রফেসর ড. টি জি সীতারাম, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. এ রঙ্গনাথ। অনুষ্ঠানে ১ হাজার ৬৫৯ জনকে সার্টিফিকেট প্রদান করা হয়।

**************************

**Govt at Tripura Finance Dept. :**

আসন্ন শারদ উৎসব উপলক্ষ্যে রাজ্য সরকার সরকারী কর্মচারীদের জন্য উৎসব অনুদান ঘোষণা করেছে। অর্থ দপ্তর অনুমোদিত গ্রুপ-সি নিয়মিত বেতনক্রমে নিযুক্ত স্থির বেতনের কর্মী সহ গ্রুপ-সি বিভাগের কর্মচারীদের জন্য অনুদান রাশি নির্ধারিত হয়েছে ২ হাজার টাকা। একই রকম গ্রুপ-ডি কর্মচারী ও কর্মীদের জন্যও ২ হাজার টাকা, ডি.আর.ডব্লিউ কর্মীদের জন্য অনুদান রাশি ২ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। এছাড়া অর্থ দপ্তর অনুমোদিত পার্ট টাইম ওয়ার্কার্স, কন্ট্রাকচুয়াল, ক্যাজুয়েল কর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা হোমগার্ড ও এস.পি.ও-দের জন্য মঞ্জুর করা হয়েছে ২২০০ টাকা।

পেনশন প্রাপক, ফ্যামিলি পেনশনার, সরকার পরিচালিত মন্দিরের পুরোহিতদের জন্য মঞ্জুর করা হয়েছে ২ হাজার টাকা করে।

**************************

**Tourism Minister :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, স্ব-সহায়ক দল গঠনের উদ্দেশ্য হলো নিজে স্বনির্ভর হওয়া ও সবাই মিলে আত্মনির্ভর হওয়া। স্বসহায়ক দলের সদস্যাগণ আত্মনির্ভর ভারত গড়তে মুখ্য ভূমিকা পালন করছেন। আজ রাণীরবাজার পুর পরিষদের উদ্যোগে গীতাঞ্জলী টাউনহলে ত্রিপুরা শহুরী আজিবীকা মিশন প্রকল্পে ৭৩টি স্বসহায়ক দলকে মেগা ঋণ প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন।

পর্যটনমন্ত্রী বলেন, বর্তমানে ত্রিপুরায় ৫০ হাজার স্বসহায়ক দলের প্রায় ৫ লক্ষ সদস্যা রয়েছেন। এরা সকলেই এখন আত্মনির্ভর। মহিলাদের আত্মনির্ভর করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যথেষ্ট অবদান রয়েছে।

অনুষ্ঠানে ৭৩টি স্বসহায়ক দলকে, সেলফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামে, ৫ জনকে, ৬২ জনকে প্রধানমন্ত্রী স্ট্রিট ভেনডার্স আত্মনির্ভর নিধি প্রকল্পে ন্যূনতম সুদে ঋণ প্রদান করা হয়েছে। এই কর্মসূচির জন্য ব্যয় হয়েছে ৩ কোটি ২৭ লক্ষ ৮৫ হাজার টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্লদাস, ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ প্রমুখ।

***************************

**Science & Tecnology Minister :**

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা আজ আগরতলায় প্রজ্ঞাভবনে 'সবুজ ত্রিপুরার লক্ষ্যে সাশ্রয়ী ও স্থায়ী

জীবন ধারা' এই বিষয়ের উপর রাজ্যস্তরীয় মডেল প্রদর্শন ও প্রতিযোগিতার উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্য সরকার সবুজ ত্রিপুরা গড়ার যে প্রয়াস নিয়েছে তার সঙ্গে সংগতি রেখেই ছাত্রছাত্রীরা এই মডেল প্রদর্শন করেছে। কেননা পরিবেশকে আমরা যত বেশী ভালবাসব পরিবেশ ততবেশী সবুজ, সুন্দর, সুস্থায়ী ও সুস্থ থাকবে। তিনি ছাত্রছাত্রীদের উপস্থাপিত মডেলগুলির ভূয়সী প্রশংসা করে বলেন, সমাজকে সচেতন করতে ছাত্রছাত্রীদের নতুন নতুন উদ্ভাবনী সৃষ্টি উপহার দিতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দপ্তরের সচিব ড. কে শশীকুমার, অধিকর্তা মহেন্দ্র সিং ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। এই প্রদর্শনীতে রাজ্যের ৮ জেলা থেকে ৪০টি মডেল প্রদর্শন করা হয়।

*************************

**PM, Quad :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মধ্যরাতে উইলমিংটন, ডেলাওয়্যারে ষষ্ঠ বার্ষিক কোয়াড লিডারস সামিটে যোগ দেবেন। কোয়াড গ্রুপের সদস্যরা জলবায়ু পরিবর্তন থেকে শুরু করে জটিল উদীয়মান প্রযুক্তি সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন বলে আশা করা হচ্ছে। কোয়াড সামিটের আগে, প্রধানমন্ত্রী মোদি আজ রাতে রাষ্ট্রপতি জো বিডেনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ এবং জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গেও শ্রী মোদির দ্বিপাক্ষিক বৈঠক করার কথা রয়েছে।

আজ সকালে মার্কিন যুক্তরাষ্ট্রে যাত্রার আগে, প্রধানমন্ত্রী এক বিবৃতিতে বলেন যে কোয়াড ফোরাম ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি, উন্নয়ন এবং সমৃদ্ধির জন্য কাজ করার ক্ষেত্রে সমমনা দেশগুলির একটি মূল দল হিসাবে আবির্ভূত হয়েছে।

প্রধানমন্ত্রী নিউইয়র্কে  ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে কথা বলবেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় কোম্পানিগুলির শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে দেখা করবেন। সফরের শেষ দিনে, শ্রী মোদি নিউইয়র্কে রাষ্ট্র সংঘের সাধারণ পরিষদে 'Summit of the Future' এ ভাষণ দেবেন। শীর্ষ সম্মেলনের ভাবনা 'একটি ভালো আগামীর জন্য বহুপাক্ষিক সমাধান'।

***************************

**NEST :**

কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু দেশের একীকরণের জন্য উত্তরপূর্বাঞ্চলের নাগরিকদের উন্নতির ওপর গুরুত্ব আরোপ করেছেন। আজ নতুনদিল্লিতে সপ্তম নর্থ ইস্ট স্টুডেন্ট ফেস্টিভ্যালে ভাষণ দিতে গিয়ে শ্রী রিজিজু বলেন যে ২০১৪ সাল থেকে উত্তরপূর্বাঞ্চলের জনগণের স্বীকৃতি ও সচেতনতা পরিবর্তিত হয়েছে। তিনি বলেন যে দেশের অন্যান্য অংশে উত্তরপূর্বাঞ্চলের জনগণের প্রতি বৈষম্য হ্রাস পেয়েছে। এই  উৎসবের প্রশংসা করে শ্রী রিজিজু বলেন যে এই জাতীয় অনুষ্ঠানগুলি উত্তর-পূর্বের সংস্কৃতি সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেয়। শ্রী রিজিজু মণিপুরের বর্তমান বিক্ষোভের বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আবেদন পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন, অস্ত্র ত্যাগ করতে হবে এবং সব সম্প্রদায়কে ঐক্য ও সম্প্রীতির সঙ্গে বসবাস করতে হবে।

***************************

**100 Days :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগান বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকার তৃতীয়বার নির্বাচিত হওয়ার পর প্রথম ১০০ দিনে জনকল্যাণমূলক প্রকল্পের জন্য ১৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে। আজ তামিলনাড়ুর থুথুকুডিতে বক্তৃতাকালে তিনি বলেন যে পরিকাঠামোর জন্য, মহিলাদের নেতৃত্বাধীন পরিবারের জন্য সরকার তিন লক্ষ কোটি

টাকা বরাদ্দ করেছে। তিনি বলেন, তামিলনাড়ুর ১১টি শহরে এফএম রেডিও স্টেশন স্থাপন করা হবে। শ্রী মুরুগান বলেন যে এক দেশ, এক নির্বাচনের ধারণা প্রচুর অর্থ সাশ্রয় করবে এবং এই বিষয়ে বিরোধীদের ভূমিকার নিন্দা করেন তিনি। মন্ত্রী বলেন যে সরকার রাজ্যের জেলেদের কল্যাণে অনেক পরিকল্পনা বাস্তবায়ন করেছে।

*************************

**100 Days-E-Commerce :**

বর্তমান সরকারের প্রথম ১০০ দিনে রপ্তানিকারকদের ক্ষমতায়ন, রপ্তানি প্রক্রিয়াকে সহজতর করা এবং উদ্ভাবনী সমাধানের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করার লক্ষ্যে বাণিজ্য দপ্তর গুরুত্ব দিয়েছে ও সাফল্য অর্জন করেছে।

স্ব-প্রত্যয়িত বৈদ্যুতিন ব্যাঙ্ক আদায় শংসাপত্র ব্যবস্থা চালু হওয়ার ফলে রপ্তানিকারকদের জন্য সম্মতি ব্যয় উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। এই ব্যবস্থাটি এখন রপ্তানিকারকদের ১২৫ কোটি টাকারও বেশি সাশ্রয় দিচ্ছে এবং সুবিধা ও রিফান্ড দাবি করার প্রক্রিয়াটিকে সহজতর করেছে।

সরকারি ই-মার্কেটপ্লেসে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগের বৃহত্তর অংশগ্রহণকে উৎসাহিত করতে মূল্য নির্ধারণের স্ল্যাবগুলির সংখ্যা হ্রাস করা হয়েছে, যাতে বিক্রেতাদের সুবিধা রয়েছে।

এছাড়া, ই-কমার্স এক্সপোর্ট হাবের সূচনার ফলে ভারতের আন্তঃসীমান্ত ই-কমার্স বাস্তুতন্ত্রে বিপ্লব ঘটতে চলেছে, যার সম্ভাব্য রপ্তানি মূল্য ২০৩০ সালের মধ্যে ১০০ বিলিয়ন মার্কিন ডলার হবে। ই-কমার্স এক্সপোর্ট হাব কারিগর, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এবং এক জেলা, এক পণ্য উৎপাদকদের বিশ্ব বাজারে সহজ প্রবেশাধিকার নিশ্চিত করবে, খরচ হ্রাস করবে এবং পরিবহন সহজতর করবে।

*****************************

**PM-JUGA :**

প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান (PM-JUGA) এর রূপায়নের লক্ষ্যে ঊনকোটি জেলাতে মোট একুশটি গ্রাম পঞ্চায়েত ও ADC ভিলেজ চিহ্নিত হয়েছে। এরমধ্যে পেঁচারথল ব্লকের আওতাধীন ১০টি, কুমারঘাট ব্লকের অন্তর্গত ৬টি গৌরনগরে ৩টি এবং চন্ডীপুরে ২টি পঞ্চায়েত ও ভিলেজ রয়েছে। আজ সকালে কৈলাশহরে, ঊনকোটি জেলা শাসক কার্যালয়ে আহুত এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান, জেলাশাসক দিলীপ কুমার চাকমা। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসকদ্বয় এল,দারলং ও অর্ঘ্য সাহা, সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট বিজয় সিনহা, জেলা কল্যাণ আধিকারিক ডেভিড এল হালাম প্রমুখ। উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রীসভা গত আঠারো-ই সেপ্টেম্বর" প্রধানমন্ত্রী-জনজাতীয় উন্নত গ্রাম অভিযান"এর অনুমোদন দিয়েছে। এই মিশনের লক্ষ্য হলো জনজাতীয় সম্প্রদায়ের মানুষজনের আর্থ-সামাজিক পরিস্থিতির উন্নয়ণ ঘটানো। ১৭টি মন্ত্রকের মাধ্যমে ২৫টি ক্ষেত্রে এই অভিযান চালানো হবে।

************************

**Gomati District Level Poshon Maah :**

গোমতি জেলাভিত্তিক পোষণ মাস পালনের অঙ্গ হিসেবে আজ উদয়পুরের কিল্লার পূর্ব খুপিলং এলাকায় মা ও শিশুদের অপুষ্টি থেকে রক্ষা করার বিষয়ে এক দিনের সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন ও সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মা ও শিশুর সুরক্ষা ও পুষ্টি রক্ষা বিষয়ক বক্তব্য রাখেন রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্শন জয়ন্তী দেববর্মা, সমাজ শিক্ষা দপ্তরের উপ অধিকর্তা সঞ্জিত রূপিণী

প্রমুখ। এই অনুষ্ঠানে দুই শতাধিক মা ও শিশুদের মধ্যে নিউট্রিশন কীট প্রদান করা হয়।

***************************

**Rashtriyo poshan Maah :**

রাষ্ট্রীয় পোষন মাস উপলক্ষে আজ শহুরে শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকের দপ্তর ও আগরতলা পুর নিগমের ৩৭-নম্বর ওয়ার্ডের উদ্যোগে ভট্টপুকুর কালী টিলা অঙ্গনয়ারী সেন্টারের উদ্বোধন হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার, সমাজ কল্যাণ দপ্তরের যুগ্ম অধিকর্তা চন্দ্রানী বিশ্বাস সহ কর্পোরেটরগণ। অনুষ্ঠানে ছোট শিশুদের মধ্যে খেলার সামগ্রী বিতরণ করা হয়।গর্ভবতী মায়েদের জন্য পুষ্টিকর খাবার ও মশারী প্রদান করা হয়। শ্রী মজুমদার বলেন শিশুদের সুস্থ রাখতে মায়েদের সঠিক পুষ্টি প্রদান করতে হবে। তিনি বলেন মাসব্যাপী এই প্রচারের লক্ষ্য হল অপুষ্টির বিরুদ্ধে লড়াইয়ের প্রচেষ্টাকে আরও দৃঢ় করা এবং সারা দেশে সামগ্রিক সুস্থতার প্রচার করা।

**************************

**Blood Donation :**

আগরতলা পুরনিগমের ৪৬ নম্বর ওয়ার্ডের উদ্যোগে বাধারঘাট স্থিত মাতৃ পল্লী ওয়ার্ড অফিসে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। শিবিরের উদ্বোধন করে তিনি রক্ত দানের মতো এই মহৎ কাজে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার, বি,জে,পি সদর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য, বাধারঘাট মন্ডল সভাপতি কেশব নন্দন দত্ত সহ অন্যান্যরা। আজকের শিবিরে মোট ২২ জন স্বেচ্ছায় রক্ত দান করেন।

**************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় প্রথম দল হিসেবে এগিয়ে চলো সংঘ সুপার ফোরে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় আজ এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। তারা ২-১ গোলে হারিয়ে দিয়েছে টাউন ক্লাবকে। ফলে ৭টি খেলা থেকে ১৮ পয়েন্ট নিয়ে সুপার ফোরে খেলা নিশ্চিত করে।

**************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ থেকে জানানো হয়েছে আগামী এক সপ্তাহ ত্রিপুরা, মণিপুর, মিজোরাম ও নাগাল্যান্ডের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এদিকে, আগামী সোমবার নাগাদ বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ সৃষ্টিরও সম্ভাবনা দেখা দিয়েছে। আগামীকাল রাজ্যে দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিময় ২৭ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ছয় দশমিক আট মিলিমিটার।

**************************